



রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম

অধ্যক্ষের কার্যালয়

Website: www.ranguniacollege.edu.bd/E-mail: info@ranguniacollege.edu.bd



নং-২০২০/০৩৫

তারিখ: ২৪ জুন, ২০২০

জরুরী বিজ্ঞপ্তি

কলেজের সম্মানিত সকল শিক্ষকদের অবহিত করা যাচ্ছে যে, করোনা ভাইরাস (COVIT-19) সংক্রমণ রোধে দেশের শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ সরকারি নির্দেশনায় সাধারণ ছুটি ঘোষণার কারণে বন্ধ আছে। এ অবস্থায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকার স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০২৯৯.০০২.২০.৬, তারিখ ১১ এপ্রিল, ২০২০ খ্রি. এর আলোকে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে তথ্য প্রযুক্তির মাধ্যমে নিজস্ব উদ্যোগে কলেজ পর্যায়ে শ্রেণি কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষকদের সাথে মোবাইল ফোনে আলোচনা করে বিগত ১৫ এপ্রিল, ২০২০ স্মারক নং-২০২০/০৩৪ মূলে কয়েকজন শিক্ষককে দায়িত্ব প্রদানের মাধ্যমে জরুরী বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনা অনুযায়ী যারা দায়িত্ব পালন করেছেন তাঁদের ধন্যবাদ জানাচ্ছি। ইতোমধ্যে ১৬/০৬/২০২০ তারিখ স্মারক নম্বর ১০৩.৯৯.০০১.১৮-৪৬১ মূলে অনেক শিক্ষা প্রতিষ্ঠান তাঁদের বিজ্ঞপ্তি অনুসরণ করা হয়নি বলে শিক্ষামন্ত্রণালয় থেকে বিজ্ঞপ্তি প্রদান করা হয়। নিম্নে হুবহু উপস্থাপন করা হল,

“ বিষয়: অনলাইনে ক্লাস আপলোড সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে দেশের সকল সরকারি কলেজসমূহের প্রতিষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ বৈশ্বিক সংকটের কারণে প্রতিষ্ঠানগুলো সরকারের সাধারণ ছুটি ঘোষণার কারণে বন্ধ রয়েছে এবং উচ্চ মাধ্যমিকসহ ডিগ্রি, অনার্স সকল কোর্সের শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। সেজন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পক্ষ থেকে অনলাইনে ক্লাস গ্রহণের জন্য বিজ্ঞপ্তি দেয়া হয়েছিল কিন্তু অনেক প্রতিষ্ঠান আদৌ তা অনুসরণ করেনি। যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন বিরোধী। ডিজিটাল বাংলাদেশ গড়তে শিক্ষার্থীদের অনলাইনে ক্লাস গ্রহণের উদ্যোগী ভূমিকা গ্রহণ একটি গুরুত্বপূর্ণ দিক। ফলে শিক্ষার্থীরা যাতে ক্ষতিগ্রস্ত না হয় সেজন্য প্রচলিত কারিকুলাম ও সিলেবাস অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ের অনলাইনে ক্লাস গ্রহণের জন্য পুনরায় আহ্বান জানানো হলো। অনলাইনে গ্রহণকৃত ক্লাসসমূহ প্রতিষ্ঠান প্রধানগণ যাচাই বাছাই পূর্বক তা মনোনীত করে ddgovtcollege@gmail.com এ আপলোড করবে।


যে যে বিষয়সমূহ অনুসরণ করবেন-

- ক) কোন প্রকার ধর্মীয় উস্কানিমূলক, সাম্প্রদায়িক মনোভাবাপন্ন সংলাপ, ছবি বা কনটেন্টে ব্যবহার করা যাবে না।
- খ) মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা বিরোধী কোন কর্মকান্ড প্রচারণা, উপস্থাপন করা যাবে না।
- গ) সরকার ও দেশের উন্নয়ন কর্মকান্ড বিরোধী কোন বক্তব্য, সংলাপ, ছবি, কনটেন্টে ব্যবহার করা যাবে না।”

অতএব উল্লিখিত বিষয়াবলী যথাযথভাবে অনুসরণ করে অনলাইনে ক্লাস নেয়ার প্রয়োজনে বিভাগীয় শিক্ষকদের সাথে যোগাযোগ করে উচ্চ মাধ্যমিকসহ ডিগ্রি (পাস) ও ডিগ্রি (অনার্স) শ্রেণির অনলাইনে ক্লাস গ্রহণের কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় প্রধানসহ বিভাগীয় শিক্ষকদের অনুরোধ করা হল। আমাদের কলেজের শিক্ষকদের (Messenger/IMO/Facebook) মাধ্যমে প্রয়োজনীয় জিনিষপত্র সংগ্রহ করে ডিজিটাল ক্লাসে অংশগ্রহণ করার জন্য নির্দেশ দেয়া হল।

সকল কলেজ শিক্ষার্থীদের আমাদের কলেজ, পাশা-পাশি অন্যান্য কলেজ ও মন্ত্রণালয় কর্তৃক অনলাইনে উপস্থাপিত ক্লাসসমূহ যথাযথভাবে অনুসরণ করার মাধ্যমে পড়া-লেখার মনোনিবেশ করার জন্য পরামর্শ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


২৪/৬/২০২০
অধ্যক্ষ

রাংগুনিয়া সরকারি কলেজ, চট্টগ্রাম।